বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
পরিচালকের দপ্তর
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
www.caab.gov.bd

গাছ লাগান, গাছের পরিচর্যা করুন,
পরিবেশ বাঁচান

নং-৩০.৩১.২২০০.৫৪১.২১.০৫৪.২২/২৬৮৭

তারিখ: ১২ / ১০ /২০২৫ খ্রিঃ

# 'নিলাম দরপত্র বিজ্ঞপ্তি'

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার-এর হলিডে মোড়স্থ বেবিচকের নামীয় জায়গা গণপূর্ত বিভাগ এবং সওজ সড়ক বিভাগ হতে হস্তান্তরকৃত জায়গায় পরিত্যক্ত স্থাপনা হতে প্রাপ্ত স্থাপনা নিলামে ক্রয়ের জন্য ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আবেদন/দরপত্র সিডিউল উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন (২২/১০/২০২৫খ্রি.) পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালকের দপ্তর, কক্সবাজার বিমানবন্দর-এর হিসাব শাখা হতে ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত পরিচালক, কক্সবাজার বিমানবন্দর-এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১২.৩০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

| ক্রম | বিবরণ | কর্তৃপক্ষের সংরক্ষিত মূল্য (টাকা) | সিডিউল মূল্য (অফেরৎযোগ্য) | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | কক্সবাজার বিমানবন্দরের হলিডে মোড়স্থ বেবিচকের নামীয় জায়গা গণপূর্ত বিভাগ এবং সওজ সড়ক বিভাগ হতে হস্তান্তরকৃত জায়গায় পরিত্যক্ত স্থাপনার নিলাম | ৬,৫৪,২২১/- | ১,০০০/- +(ভ্যাট ১৫%) | ২৩/১০/২০২৫ |

**শর্তাবলীঃ**

১। দরদাতাকে দরপত্র জামানত হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে নিলামে ডাককারীর উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "পরিচালক, কক্সবাজার বিমানবন্দর"-এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় নিলাম দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। প্রাপ্ত দরপত্রের মধ্য হতে সর্বোচ্চ রেসপনসিভ/গ্রহণযোগ্য দরদাতার দর গ্রহণ করা হবে।

৩। নিজ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।

৪। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে অবশ্যই সিএএবি'র নিবন্ধিত ঠিকাদার হতে হবে।

৫। সীল মোহরকৃত খামের উপর 'কক্সবাজার বিমানবন্দরের পরিত্যক্ত স্থাপনার নিলাম' সুস্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে।

৬। নিলাম কার্যক্রমে দরপত্রে উল্লেখিত শর্তাবলী প্রযোজ্য হবে।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

১২/১০/২০২৫

( মোঃ গোলাম মোর্তজা হোসেন )
পরিচালক (রু.দা.)
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
ই-মেইলঃ dcox@caab.gov.bd